

16 ডিসেম্বর, 2021

প্রিয় পরিবারবর্গ,

আমরা সম্প্রতি জানতে পেরেছি যে, টিকটক (TikTok) এবং অন্যান্য সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলোতে শিক্ষার্থীদের যুক্তরাষ্ট্রের সর্বত্র স্কুলগুলোতে "বোমা হামলা, স্কুলে গোলাগুলি, ইত্যাদি বিষয়ে ফোন করার" জন্য উৎসাহিত করে একটি সোশ্যাল মিডিয়া চ্যালেঞ্জ প্রস্তাব করা হচ্ছে। সোশ্যাল মিডিয়া চ্যালেঞ্জ সুনির্দিষ্টভাবে শুধু নিউ ইয়র্ক সিটির জন্য নয়, এবং এই পোস্টগুলো কোনও সুনির্দিষ্ট স্কুলের জন্য নয়, বরং সর্বজনীন উদ্দেশ্যে তৈরি করা।

আমাদের স্কুল বিল্ডিংগুলোতে যারা প্রবেশ করে তাদের নিরাপত্তা আমাদের সর্বোচ্চ প্রাধান্য এবং দায়িত্ব। কোনও স্কুল কমিউনিটিতে প্রতিটি ছমকি অত্যন্ত গুরুত্বপূর্ণভাবে গ্রহণ করা হয় এবং যেকোনো স্কুল কমিউনিটিতে দেয়া ছমকিসমূহ তদন্ত করতে আমরা NYPD-এর সাথে নিবিড়ভাবে কাজ করি। যদি আপনার স্কুল কোনও সুনির্দিষ্ট ছমকিতে উল্লেখ করা হয়ে থাকে, তবে অনুগ্রহ করে অতিসত্বর 911 এবং 1-888-NYC-SAFE নম্বরে ফোন করুন। প্রয়োজন অনুযায়ী স্কুলে অতিরিক্ত সহায়তা প্রদান করা হবে।

সুরক্ষা ও নিরাপত্তা একটি কমিউনিটির সকলের দায়িত্ব, এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার ও ছমকি প্রদানের পরিণতি সম্পর্কে আপনার সন্তানের সাথে সাথে আলাপ করার জন্য আমরা আপনাকে উৎসাহিত করছি। স্কুল ও পরিবারেরা ডিজিটাল নাগরিকত্ব সম্পর্কে তথ্য DOE-এর ওয়েবপেজ: <https://www.schools.nyc.gov/school-life/school-environment/digital-citizenship> -এ খুঁজে পেতে পারেন। স্কুল কমিউনিটির বিরুদ্ধে কোনও ছমকি প্রদর্শন কিংবা সংঘাতমূলক কার্য বিষয়ক কোনও সোশ্যাল মিডিয়া পোস্ট কিংবা চ্যালেঞ্জ বরদাস্ত করা হবে না। যে কারণেই ছমকি প্রদর্শন করা হোক না কেন, সহিংসতার ছমকি প্রদর্শনের বাস্তব পরিণতি রয়েছে, এবং এ ধরনের সোশ্যাল মিডিয়া চ্যালেঞ্জের কারণে আমাদের কিশোর-কিশোরীরা তাদের উজ্জ্বল ভবিষ্যৎ বিপন্ন হোক, তা আমরা চাই না।

যদি আপনি কিংবা আপনার সন্তান কোনও সন্দেহজনক কর্মকাণ্ডের প্রত্যক্ষদর্শী হয়ে থাকেন, তবে অনুগ্রহ করে 911 নম্বরে ফোন করুন অথবা স্কুলের কোনও বিশ্বাসভাজন প্রাপ্তবয়স্ককে অবহিত করুন। আমরা অব্যহতভাবে এই বিষয়টির প্রতি লক্ষ্য রাখতে অঙ্গিকারবদ্ধ।

আমাদের স্কুল কমিউনিটিকে নিরাপদ রাখার জন্য আপনি যা করছে সেজন্য আপনাকে ধন্যবাদ, এবং আপনার প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না।

অংশীদারিত্বে,



মির্শা পোর্টার (Meisha Porter)

নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যান্সেলর